দৈনিক জনকণ্ঠ

তারিখ ... MAR. 11 1999 ...
পৃষ্ঠা ৩ কলাম ৪

543

কাল থেকে সুবর্ণজয়ন্তি

# চারুকলা ইনস্টিটিউট বর্ণাঢ্য করে সাজানো হয়েছে

স্টাফ রিপোর্টার ॥ সুবর্ণজয়ন্তি উদযাপন উপলক্ষে ঢাকা চারুকলা ইনস্টিটিউট চত্বরকে বর্ণাঢ্য করে সাজিয়ে তোলা হচ্ছে। ইনস্টিটিউটের ছাত্র-শিক্ষকবৃন্দ রাত দিন পরিশ্রম করে ইনস্টিটিউটের সীমানাপ্রাচীর থেকে শুরু করে ভিতরের মাঠ, ভবন, বৃক্ষ এবং পুকরপাড় নক্সায়, ভাস্কর্যে, নানা রকম পুতুলে সাজিয়ে তুলছেন নয়নাভিরাম সজ্জায়। আগামীকাল ১২ মার্চ থেকে শুরু হবে ইনস্টিটিউটের ৫০ বছর পূর্তি উপলক্ষে সপ্তাহব্যাপী সুবর্ণজয়ন্তি উৎসব। মঙ্গলবার বিকালে ইনস্টিটিউটের শিক্ষক কক্ষে অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলনে উৎসবের কর্মসূচী ঘোষণা করা হয়। এতে উপস্থিত ছিলেন সুবর্ণজয়ন্তি উদযাপন কমিটির আহ্বায়ক ও চারুকলার পরিচালক মাহমুদুল হক। ইনস্টিটিউটের শিক্ষক ও শিল্পী মতলুব আলী, সৈয়দ আবুল বারক আলভী, সৈয়দ আজিজুল হক, নাসরিন বেগম, মোঃ ইউনুস শিশির ভট্টাচার্য এবং ছাত্র প্রতিনিধি আশরাফুল আলম পপলু।

শুক্রবার ১২ মার্চ উৎসবের উদ্বোধন করবেন সম্মিলিতভাবে শিল্পী সফিউদ্দীন আহমেদ, শিল্পী শফিকুল আমীন, স্থপতি মাযহারুল ইসলাম ও কবি শামসুর রাহমান। অনুষ্ঠানের প্রধান অতিথি থাকবেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক একে আজাদ চৌধুরী।